# ২০২৫
# বাংলা
(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-4

(প্রুফ সংশোধন আই. পি. এ ও প্রবন্ধ রচনা)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর- শব্দদুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

খ) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত Ital এবং w.f. শব্দদুটি প্রুফ সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?

গ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা প্রবর্তনের জন্য যে 'ধ্বনিবিজ্ঞান-শিক্ষক-সংস্থা' গড়ে উঠেছিল, তা কবে এবং কোথায় গড়ে উঠেছিল ?

ঘ) প্রুফ সংশোধনকালে হরফের নীচে হস চিহ্ন যোগ করতে এবং দুটি শব্দের মধ্যে ব্যবধান কম করতে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?

(পরের পাতায়)

ঙ) পাদটীকা কী?

চ) IPA শব্দটির পূর্ণরূপ কী?

ছ) ধ্বনি এবং বর্ণের মধ্যে একটি পার্থক্য লেখো।

জ) 'প্রশ্নানুসারে' শব্দটিকে IPA তে লিপ্যন্তর করো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) তোমার প্রিয় একজন নাট্যকারের নাট্যপ্রতিভা সম্বন্ধেএকটি সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।

খ) নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

পি এম স্যার আর ব্যাগ খুঁটিয়ে দেখে ভদ্রলোককে অপমান করার সাহস পেলেন না। ভদ্রলোক শোনালেন — আপনার স্ত্রী ফোন করেছিলেন। বারবার রিং করার কারণে একসময়ে ফোনটা ধরতেই হয়েছিল। কিভাবে আপনার ফোন আমার কাছে এলো তার কৈফিয়তও দিয়েছি। অনিচ্ছা সত্ত্বেও ফোনটা ধরতে হয়েছে। মার্জনা করবেন।

গ) ধ্বনির সঙ্গে বর্ণের যখন ঠিক-ঠিক মেলে না, তখন লিখন পদ্ধতিতে যে যে সমস্যাগুলি দেখা যায় তা লেখো।

ঘ) নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো :

পুরুষতান্ত্রিক সমাজে একসময়ে এটা নিয়ে কোনো হীনম্মন্নতার বিষয় ছিল না। বরং ঘরে ছেলে সন্তান যার যত বেশি লাঠির সংখ্যাতার ততোধিক। অবশেষে শেযবারে জমজ ছেলেমেয়ে হলো মেম্বার মাস্টারমশাইয়ের। প্রাইমারি চাকরীর মাইনে তখনসামান্যই। কিভাবে এতবড় সংসার চালাতেন তিনিই জানেন এরপর দেখা দিল ওনার উপসর্গ।



মূল কপি ঃ

পুরুষতান্ত্রিক সমাজে একসময়ে এটা নিয়ে কোনো হীনম্মন্যতার বিষয় ছিল না। বরং ঘরে ছেলে সন্তান যার যত বেশি লাঠির সংখ্যা তার ততোধিক। অবশেষে শেযবারে যমজ ছেলেমেয়ে হলো মেম্বার মাস্টারমশাইয়ের। প্রাইমারি চাকরীর মাইনে তখন সামান্যই। কিভাবে এতবড় সংসার চালাতেন তিনিই জানেন। এরপর দেখা দিল ওনার উপসর্গ।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি নজরুল ইসলামের কাব্যপ্রতিভা নিয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

খ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

ক্ষেত্রমোহন কাকাদের অবস্থা বরাবরই নুন আনতে পান্তা ফুরানোর মতো ছিল। তবে চালচলন ছিল আপন মনের বাদশা যেমন। জাতে মাহিষ্য। ছুঁতমার্গ ছিল প্রবল। বড় অদ্ভুত মানুষ। নিজে ছিলেন অশিক্ষিত। পেশা ছিল হাটে হাটে চাল বিক্রি। নিচু জাতের ছায়া মাড়াতেন না বিশেষ। বাড়ির পাশ দিয়ে ছিল শূদ্রদের বাস। তাদের সংস্রব এড়ানোর লক্ষ্য নিয়ে প্রথমবার ঠিকানা বদল করলেন দাইহাটে। পথে-ঘাটে নিজের পা সর্বদা বাড়িয়েই রাখতেন নমস্কার পাবার লোভে। এই এক ক্ষেত্রে তার ছুঁতমার্গের বালাই ছিল না।

গ) প্রুফ সংশোধনের জন্য প্রয়োজনীয় চিহ্ন ও তাদের ব্যবহার সংক্রান্ত একটি তালিকা প্রস্তুত করো।

ঘ) বাংলা পৌরাণিক নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করো।